দৈনিক বাংলা

তারিখ ২৪/৩/৮৯

পৃষ্ঠা ... কলাম ...



# মেডিক্যাল পাঠ্যসূচী পাল্টাতে হবে ঃ মতিন

স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণমন্ত্রী অধ্যাপক এম এ মতিন দেশের চাহিদা মেটানোর জন্য বর্তমান মেডিক্যাল পাঠ্যসূচীতে প্রয়োজনীয় পরিবর্তন সাধনের আহবান জানিয়েছেন।

মন্ত্রী সোমবার সকালে ঢাকায় মেডিক্যাল পাঠ্যসূচীর উপর দুদিন-ব্যাপী ওয়ার্কশপের উদ্বোধন করছিলেন। বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল আয়োজিত এই ওয়ার্কশপে মেডিক্যাল কলেজগুলোর অধ্যাপকগণ, পাঠ্যসূচী বিশেষজ্ঞগণ ও ছাত্র প্রতিনিধির অংশগ্রহণ করছেন।

এ উপলক্ষে ভাষণদানকালে অধ্যা

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মতিন

(১-এর পৃঃ পর)

পক মতিন বলেন সরকার ২০০০ সালের মধ্যে সবার জন্যে স্বাস্থ্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন শুধুমাত্র হাসপাতালে চিকিৎসার মাধ্যমে এই লক্ষ্য অর্জন করা যাবে না।

অধ্যাপক মতিন বলেন, হাসপাতালে ও বিশেষজ্ঞদের মাধ্যমে চিকিৎসা ছাড়াও দেশের চাহিদা পূরণের জন্য যথেষ্ট সংখ্যক সাধারণ ডাক্তার তৈরি করাও সরকারের লক্ষ্য।

মন্ত্রী চিকিৎসা জনশক্তিকে যথা-যথভাবে কাজে লাগানোর আহবান জানিয়ে সংশ্লিষ্ট সকলকে মানব সম্পদ ও সামগ্রীর অপচয় বন্ধ করতে বলেন।

বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের সভাপতি অধ্যাপক এম এ মান্নানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে হেলথ সার্ভিসের মহাপরিচালক অধ্যাপক এম আর চৌধুরী ও অধ্যাপিকা ফিরোজা বেগম বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।